


**পবিত্র ঈদ-উল-আযহা/২০১৯ উপলক্ষে অস্থায়ী পশুর হাট প্রকাশ্যে নিলাম প্রদানের বিজ্ঞপ্তি /০২ঃ**

জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের স্থানীয় সরকার শাখার ০৬ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০০৯.৩৬.০০১.১৯-৫৭৩, এর প্রেক্ষিতে পবিত্র ঈদ-উল-আযহা/২০১৯ উপলক্ষে সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন ১। সিংগেরকাছ বাজার, ২। মুফতির বাজার অস্থায়ী পশুর হাট প্রকাশ্যে নিলাম প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ০৮-০৮-২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ২.০০ ঘটিকায় বিশ্বনাথ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। এতে যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদন রয়েছে। নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে নির্ধারিত তারিখ ও সময়ে জামানতের অর্থ যে কোন তপশীলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট এর অনুকূলে পে-অর্ডারে/নিম্নস্বাক্ষরকারীর অফিসে নগদে জমা প্রদানক্রমে নাম তালিকাভুক্ত করে যথাস্থানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। পে-অর্ডার/নগদ জামানত জমা ব্যতীত কেহ প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবেন না।

**শর্তাবলী :**

- ০১। অস্থায়ী পশুর হাটের জামানত হিসেবে ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডারে/নগদে আগামী ০৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখ বেলা ১.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানক্রমে নাম তালিকাভুক্ত করে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে। অকৃত কার্য পে-অর্ডার/ নগদ জমার অর্থ ফেরতযোগ্য। কৃতকার্য পে-অর্ডার/ নগদ জমার অর্থ ঈদ পরবর্তীতে ফেরত প্রদান করা হবে। ইজারার শর্ত ভঙ্গ করলে জামানত বাজেয়াপ্ত হবে।
- ০২। অস্থায়ী পশুর হাট নির্ধারিত সীমার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। কোন ক্রমেই হাটের সীমানা সম্প্রসারণ করা যাবে না। হাটের কোন জায়গা একমাত্র অস্থায়ী পশুর হাট ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ০৩। সরকার অনুমোদিত হারে টোল আদায় করতে হবে। সরকারি হারের অতিরিক্ত টোল আদায় করা যাবে না।
- ০৪। ইজারাদারীত্যা দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবে।
- ০৫। পাকা রশিদ ব্যতীত কোন ক্রমেই টোল আদায় করা যাবে না।
- ০৬। হাট-বাজার ও সংলগ্ন এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করাতে হবে।
- ০৭। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেললাইন ও জাতীয়/আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিহিত কোন হাট-বাজার বসানো যাবে না। অন্যথায় মোবাইলকোর্ট পরিচালনার মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ জরিমানা আদায় এবং বাজারের ইজারা বাতিল করা হবে।
- ০৮। জন দূর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে পবিত্র উদ-উল-আযহার সময় অস্থায়ী পশুর হাট বসানো যাবে না। আইন শৃংখলা অবনতিজনিত কোন ঘটনা ঘটলে সংশ্লিষ্ট ইজারাদার দায়ী থাকবেন।
- ০৯। সর্বোচ্চ নিলাম ডাককারীকে তাৎক্ষণিকভাবে নিলাম ডাকের সমুদয় অর্থ, ইজারামূল্যের ১৫% ভ্যাট, এবং ৫% হারে আয়কর পরিশোধ করতে হবে। অন্যথায় নিলাম ডাককারীর জামানত বাজেয়াপ্ত করে পুনরায় নিলাম কার্যক্রম সম্পন্ন করা হবে।
- ১০। ইজারা প্রাপ্তির পর হতে ঈদের দিন (ঈদ-উল আযহা, ২০১৯) পর্যন্ত পশুর হাট বসানো যাবে। কোন অবস্থায়ই হাট অন্যের নিকট সাব-লীজ প্রদান করা যাবে না।
- ১১। নিলাম সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান নিলাম ডাককারী যথারীতি মানিয়া চলিতে বাধ্য থাকবেন।
- ১২। ইজারাদারকে নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে।
- ১৩। পশু চিকিৎসক/ভেটেরিনারী মেডিকেল টিমকে তাদের কার্যক্রমে সহযোগিতা করতে সংশ্লিষ্ট ইজারাদার বাধ্য থাকবেন।
- ১৪। কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন ডাক গ্রহণ, বাতিল কিংবা সংশোধন, পরিবর্তন বা পরিবর্দ্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মোঃ আনিছুর রহমান)  
উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)  
বিশ্বনাথ, সিলেট।  
ফোন: ০৮২২৪-৫৬০৬৯  
E-mail : [unobiswanath@gmail.com](mailto:unobiswanath@gmail.com)

স্মারক নং : ০৫.৪৬.৯১২০.০০৪.০৬.০৯০.১৯- ৫৬৫,

তারিখ : ০৭/০৮-২০১৯ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।


- ০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-০২, সিলেট।
- ০২। জেলা প্রশাসক, সিলেট।
- ০৩। উপ পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট।
- ০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে।

- ০৪। অফিসার-ইন-চার্জ, বিশ্বনাথ থানা, সিলেট। তাঁকে নিলাম ডাকের দিনে বর্ণিত স্থানে, নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিতরণ : বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।

- ০৫। সহকারী কমিশনার (ভূমি), বিশ্বনাথ, সিলেট।
- ০৬। উপজেলা কর্মকর্তা (সকল), বিশ্বনাথ, সিলেট।
- ০৭। চেয়ারম্যান, লামাকাজী/খাজাখী/অলংকারী/রামপাশা/দৌলতপুর/বিশ্বনাথ/দেওকলস/দশঘর ইউনিয়ন পরিষদ, বিশ্বনাথ, সিলেট।
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বিশ্বনাথ/রামপাশা/প্রয়াগমহল ও দশঘর ইউনিয়ন ভূমি অফিস, বিশ্বনাথ, সিলেট। তাঁকে স্ব-স্ব অধিক্ষেত্রভূক্ত বাজারে মাইকিং করে ০৭-০৮-২০১৯ খ্রিঃ তারিখ রাত ৯.০০ ঘটিকার মধ্যে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, বিশ্বনাথ, সিলেট।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, বিশ্বনাথ, সিলেট।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, সাংবাদিক ইউনিয়ন, বিশ্বনাথ, সিলেট।
- ১২। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)  
বিশ্বনাথ, সিলেট।